

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.০৯৯.০০৯.১৭(অংশ-১)-১৬৬৪


তারিখঃ ১৭ মাঘ ১৪২৪
৩০ জানুয়ারি ২০১৮

বিষয়ঃ মিয়ানমার হতে আগত বাংলাদেশে আশ্রিতদের জন্য এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় জনগোষ্ঠীর জন্য স্থাপিত ও স্থাপিতব্য নলকূপের সহায়ক চাঁদা মওকুফ প্রসঙ্গে।

পত্র সূত্রঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পত্র নং-২৭৮৩, তারিখঃ ০৪/০১/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেপ্টেম্বর ২০১৭ হতে কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় মিয়ানমার হতে আগত আশ্রিতদের ক্যাম্পে নিরাপদ খাবার পানি সরবরাহের লক্ষ্যে এবং আশপাশের ক্ষতিগ্রস্ত স্থানীয় জনগোষ্ঠীর জন্য গভীর/অগভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। জরুরী পরিস্থিতিতে স্থাপিত ও স্থাপিতব্য অগভীর ও গভীর নলকূপের সহায়ক চাঁদা (Contribution Money) আদায়ের জন্য অনুকূল পরিস্থিতি না থাকায় আশ্রিতদের ক্যাম্পে ও ক্ষতিগ্রস্ত স্থানীয় জনগোষ্ঠীর জন্য স্থাপিত ও স্থাপিতব্য অগভীর ও গভীর নলকূপের সহায়ক চাঁদা (Contribution Money) মওকুফের বিষয়টি নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


মোঃ খাইরুল ইসলাম
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।